দৈনিক সংবাদ

227

FEB. 26.2000
তারিখ
পৃষ্ঠা 7 কলাম 6

# প্রভাবশালী মহলের চাপে অভিযুক্ত সব কেন্দ্র বাতিল হয়নি

## এসএসসি পরীক্ষা ২ মার্চ শুরু, ৫ বোর্ডের প্রস্তুতি সম্পন্ন

রাশেদ আহমেদ ঃ এসএসসি পরীক্ষার সকল প্রস্তুতি সম্পন্ন করেছে দেশের ৫টি শিক্ষা বোর্ড। আগামী ২রা মার্চ একযোগে এ পরীক্ষা শুরু হচ্ছে, চলবে ১৫ই মার্চ পর্যন্ত। গতবছর পরীক্ষায় অবাধে নকল ও দুর্নীতির দায়ে ঢাকা শিক্ষা বোর্ডের ছাড়া অন্য কোন বোর্ড কোন পরীক্ষা কেন্দ্র বাতিল করা হয়নি। ঢাকা শিক্ষা বোর্ডের অধীন ৩টি পরীক্ষা কেন্দ্র এবার বাতিল করা হয়েছে। কুমিল্লা শিক্ষা বোর্ডে বাতিলকৃত ২টি কেন্দ্র এবার পুনর্বহাল করা হয়েছে। চট্টগ্রাম বোর্ডের ৪টি ও যশোর বোর্ডে ২টি কেন্দ্র বেড়েছে। রাজশাহী বোর্ডে গতবছরের কেন্দ্রগুলোই বহাল রয়েছে। সংশ্লিষ্ট সূত্র জানায়, রাজনৈতিক ও স্থানীয় প্রভাবশালী ব্যক্তিদের কারণে যে কেন্দ্রগুলোতে নকল হয়েছে তার বিরুদ্ধে ব্যবস্থা নেয়া যায়নি। ঢাকা বোর্ডের ৩টি কেন্দ্র বাতিল করেও অনেক চাপ সহ্য করতে হচ্ছে।

গতবছর এসএসসি পরীক্ষায় ব্যাপক হারে নকল হওয়া ও প্রশাসনের নিয়ন্ত্রণের বাইরে চলে যাওয়ায় ঢাকা বোর্ডের অধীন শেরপুর জেলার ইসলামপুর কেন্দ্র, শরিয়ত-পুর জেলার জাজিরা কেন্দ্র এবং নরসিংদীর চালাকচর পরীক্ষা কেন্দ্র বাতিল করে দেয়া হয়েছে।

ফলে ঢাকা বোর্ডে ২শ ১৭টির বদলে এবার ২শ ১৪টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। কুমিল্লা শিক্ষা বোর্ডে গতবছর ১শ ৬৯টি কেন্দ্রের মাধ্যমে পরীক্ষা নেয়া হয়েছিল। এবার আরো ২টি বাড়িয়ে ১শ ৭১টি কেন্দ্র করা হয়েছে। ১৯৯৮ সালের পরীক্ষায় নকল হওয়ায় বাতিলকৃত দাউদকান্দি-২ ও সিলেট জেলাধীন তেজগাঁও পরীক্ষা কেন্দ্র এবার পুনর্বহাল

এসএসসি ঃ পৃঃ ২ কঃ ৪

## এসএসসি ঃ ২ মার্চ শুরু

( ১ম পৃষ্ঠার পর )

করা হয়েছে।

গতবছর চট্টগ্রাম বোর্ডে পরীক্ষা কেন্দ্র ছিল ৮৪টি, এবার ৪টি বাড়িয়ে ৮৮টি করা হয়েছে। এর মধ্যে ২টি কেন্দ্র নতুন স্থাপিত হয়েছে এবং একটি কেন্দ্র ভেঙে ২টি করা হয়েছে।

যশোর বোর্ডের অধীন এবার ২টি পরীক্ষা কেন্দ্র বেড়ে ১৫৭টি হয়েছে। এ ২টি হচ্ছে খুলনা নৌবাহিনী স্কুল ও খুলনা ল্যাবরেটরি স্কুল।

রাজশাহী শিক্ষা বোর্ডে এবারও ২শ ১১টি কেন্দ্রই রাখা হয়েছে।

গতবছর ৫ বোর্ডে ৮শ ৩৫টি কেন্দ্রের মাধ্যমে পরীক্ষা অনুষ্ঠিত হলেও এবার ৮শ ৪১টি কেন্দ্রে পরীক্ষা হবে।

গতবছর এসএসসি পরীক্ষায় যেসব পরীক্ষা কেন্দ্রে ব্যাপক হারে নকল ও বিশৃংখলার ঘটনা ঘটেছিল তার মধ্যে অন্যতম হচ্ছে ঃ রাজশাহী বোর্ডের অধীন রংপুর জেলার মিঠাপুকুর হাইস্কুল ও কলেজ এবং মাটিবাড়ি হাইস্কুল কেন্দ্র, কুমিল্লা বোর্ডের অধীন মুরাদপুর থানার ডিআর সরকারি উচ্চ বিদ্যালয়, কুমিল্লা সদরের চৌয়ারা কেন্দ্র, লাকসাম বিএন হাইস্কুল, চট্টগ্রাম বোর্ডের অধীন ভোলা জেলার তজুমদ্দিন থানা পরীক্ষা কেন্দ্র, ঢাকা বোর্ডের অধীন কাপাসিয়া থানার বিভিন্ন কেন্দ্র, সাভার থানার কয়েকটি কেন্দ্র ইত্যাদি। এছাড়া কমবেশি আরো বেশ কয়েকটি কেন্দ্রে আইন-শৃংখলা পরিস্থিতির অবনতি ও নকল হয়। সরকারের নির্দেশ রয়েছে কোন পরীক্ষা কেন্দ্রে আইন-শৃংখলা পরিস্থিতির অবনতি ঘটলে কিংবা দুর্নীতি সংঘটিত হলে ওই পরীক্ষা কেন্দ্রের পরীক্ষা বাতিল এবং ভবিষ্যতে কেন্দ্র বাতিল করা হবে। কিন্তু অধিকাংশ স্থানে এ নির্দেশ কার্যকর করা যায়নি স্থানীয় রাজনৈতিক চাপে। একথা জানিয়েছেন সংশ্লিষ্ট কর্মকর্তারা। ঢাকা শিক্ষা বোর্ডের যে ৩টি কেন্দ্র বাতিল করা হয়েছে তার জন্য বিভিন্ন পর্যায়ে তদবির চলছে। এমনকি মন্ত্রী পর্যন্ত এ তদবির করছেন শিক্ষা মন্ত্রণালয়ে। ৫টি শিক্ষা বোর্ডের সংশ্লিষ্ট সূত্র জানায়, এ বছর এসএসসি পরীক্ষা আরো কঠোরভাবে নেয়ার জন্য শিক্ষা মন্ত্রণালয় থেকে নির্দেশ গেছে বিভিন্ন জেলায়। পরীক্ষায় নকল হওয়ার সাথে সরকারের ভাবমূর্তি জড়িত বলে এ ধরনের নির্দেশ দেয়া হয়েছে বলে বোর্ড কর্মকর্তারা জানান।

কয়েকদিন আগে শিক্ষা মন্ত্রণালয় থেকে জেলা প্রশাসকদের কাছে সুষ্ঠু ও নকলমুক্তভাবে পরীক্ষা দেয়া সংক্রান্ত যে চিঠি গেছে তাতে বলা হয়েছে, কোন শিক্ষক নকলে সহায়তা করলে তার বিরুদ্ধেও তাৎক্ষণিকভাবে ব্যবস্থা নেয়া হবে। প্রয়োজনে সরকারি আইন প্রয়োগের নির্দেশও দেয়া হয়েছে।

৫টি শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র ইতোমধ্যে থানায় থানায় পাঠিয়ে দেয়া হয়েছে। এসএসসি পরীক্ষার প্রস্তুতি সম্পর্কে গতকাল ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মোঃ আতাউর রহমান 'সংবাদ'কে জানান, এবার কঠোরভাবে নকল রোধ করার চেষ্টা করা হবে। এ ব্যাপারে সরকারি নির্দেশ রয়েছে।

এ বছর ৫টি শিক্ষা বোর্ড মিলিয়ে মোট ৯ লাখ ১২ হাজারের মতো ছাত্রছাত্রী পরীক্ষা দিচ্ছে। এর মধ্যে ঢাকা বোর্ডে ২ লাখ ৬৩ হাজার, রাজশাহী বোর্ডে ২ লাখ ৭০ হাজার, যশোর বোর্ডে ১ লাখ ৫০ হাজার, কুমিল্লা বোর্ডে ১ লাখ ৫৩ হাজার এবং চট্টগ্রাম বোর্ডে ৭৩ হাজার পরীক্ষার্থী রয়েছে।